

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৩৫১

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪১. তৃতীয় অনুচ্ছেদ - সফরের সালাত

আরবী

وَعَن مَالكَ بَلَغَهُ أَنَّ ابْنَ عَبَّاسٍ كَانَ يَقْصُرُ فِي الصَّلَاة فِي مثل مَا يكون بَين مَكَّة والطائف وَفِي مثل مَا يكون بَيْنَ مَكَّة وَعُسْفَانَ وَفَى مِثْلِ مَا بَيْنَ مَكَّة وَجُدَّة قَالَ مَالِكُ: وَذَلِكَ أَرْبَعَةُ بُرُدٍ. رَوَاهُ فِي الْمُوَطَّأ

বাংলা

১৩৫১-[১৯] ইমাম মালিক (রহঃ) হতে বর্ণিত। তিনি শুনেছেন যে, 'আবদুল্লাহ ইবনু 'আব্বাস (রাঃ) মক্কা ও ত্বায়িফ, মক্কা ও 'উসফান, মক্কা ও জিদ্দার দূরত্বের মাঝে কসরের সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতেন। ইমাম মালিক (রহঃ) বলেন, এসবের দূরত্ব ছিল চার বারীদ অর্থাৎ আটচল্লিশ মাইল। (মুয়াত্বা)[1]

ফুটনোট

[1] য'ঈফ : মুয়াত্ত্বা ৪৯৫, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৫৩৯৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: بَرِيْدٌ সমান চার ফারসাখ। আর প্রত্যেক بَرِيْدٌ সমান চার ফারসাখ। আর প্রত্যেক ফারসাখ সমান তিন মাইল, অর্থাৎ ৪৮ মাইল। ইমাম মালিক (রহঃ) বলেন, এটাই সালাত (সালাত/নামায/নামাজ) ক্ষসর করার ক্ষেত্রে আমার নিকট অধিক পছন্দনীয় মত। এ ব্যাপারে 'উলামাগণের মত-পার্থক্যসহ আলোচনা পূর্বে অতিবাহিত হয়েছে এবং প্রাধান্যযোগ্য মতও নির্দেশ করা হয়েছে।

ইমাম মালিক (রহঃ) হতে বর্ণিত রয়েছে যে, ইবনু 'উমার (রাঃ) মদীনায় জাতুন নাসাবে গমন করে সালাত ক্বসর কর্নেন।

ইমাম মালিক (রহঃ) বলেন, মদীনাহ্ ও জাতুন নাসাব-এর দূরত্ব চার বারীদ বা ৪৮ মাইল। (মহান আল্লাহ তা'আলাই ভাল জানেন)



হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন